স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পারসোনেল-১ শাখা

বিষয়: **২০২২-২৩ অর্থবছরের এপিএ ২য় ত্রৈমাসিক প্রতিবেদনের প্রমাণক হিসেবে পরিদর্শন প্রতিবেদন দাখিল।**

সূত্র: ৫৯.০০.০০০০.১০৫.০৫.০০১.২২.১৫৮ ৩০ নভেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন সরকারি মেডিকেল কলেজ/স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম পরিবীক্ষণ ও গুণগত মানোন্নয়নের লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক ১৩ আগস্ট ২০২২ তারিখে ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা পরিদর্শন করা হয়।

০২। এমতাবস্থায় ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা পরিদর্শন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক

এ বিভাগের ওয়েবসাইটে আপলোড এবং

৩০-১১-২০২২

মল্লিকা খাতুন
যুগ্মসচিব
ফোন: ০২৯৫৪০৬৯৭
ইমেইল: per1@mefwd.gov.bd

উপসচিব
প্রশাসন-২ শাখা
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

ইউ. ও. নোট নম্বর: ৫৯.০০.০০০০.১০৯.৯৯.০০৪.২০.৯৬২

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৯
৩০ নভেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১) প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (প্রতিবেদনটি এ বিভাগের ওয়েবসাইটের নির্দিষ্ট বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

৩০-১১-২০২২
মল্লিকা খাতুন
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পারসোনেল-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.mefwd.gov.bd

## ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা পরিদর্শন প্রতিবেদন

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন সরকারি মেডিকেল কলেজ/স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম পরিবীক্ষণ ও গুণগত মানোন্নয়নের লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক ১৩ আগস্ট ২০২২ তারিখ ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ঢাকা ডেন্টাল কলেজ এর অধ্যক্ষ, উপাধ্যক্ষ, বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

**০২। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য নিম্নরূপ:**

**(ক) জনবল:**

| ক্রম | পদের নাম | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|
| ০১ | অধ্যক্ষ | ১ | ১ | ০ |
| ০২ | উপাধ্যক্ষ | ১ | ১ | ০ |
| ০৩ | অধ্যাপক | ১৩ | ০৫ | ০৮ |
| ০৪ | সহযোগী অধ্যাপক | ২৬ | ১৬ | ১০ |
| ০৫ | সহকারী অধ্যাপক | ৪৭ | ২৪ | ২৩ |
| ০৬ | প্রভাষক | ৯০ | ৭৮ | ১২ |
| ০৭ | ১০-২০ গ্রেড | ৯০ | ৫৩ | ৩৭ |
| ০৮ | আউটসোর্সিং | ১৪ | ১৪ | |
| | সর্বমোট | ২৮২ | ১৯২ | ৯০ |

**(খ) শিক্ষার্থী:** বর্তমানে বিডিএস এবং অন্যান্য কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থী রয়েছে ৫৩২ জন তন্মধ্যে ছাত্র ১৯১ জন এবং ছাত্রীর সংখ্যা ৩৪১। বিডিএস কোর্সে ৭৫ জন বিদেশী শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে।

**(গ) চলমান স্নাতক/স্নাতকোত্তর কোর্সের বিবরণ:**

| ক্রম | কোর্সের নাম | মেয়াদ | ভর্তির আসন সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | বিডিএস (ঢাকা বিশ্ববিদ্যালয়) | ০৫ বছর | ১৩৭<br>(দেশী-১১০, বিদেশী-২৭) |
| ০২ | এমএস (রেসিডেন্সি) বিএসএমএমইউ | ০৫ বছর | ০৭<br>(ওরাল সার্জারি-০৫, অর্থোডন্টিকস-০২) |
| ০৩ | ডিডিএস (ডিপ্লোমা-ইন-ডেন্টাল সার্জারি) বিএসএমএমইউ | ০২ বছর | ০৬ |
| ০৪ | এমফিল | ০২ বছর | প্রক্রিয়াধীন |

**(ঘ) পরীক্ষার ফলাফল (২০২০-২০২১ শিক্ষাবর্ষ):**

| ক্রম | কোর্সের নাম | শ্রেণীতে শিক্ষার্থীর সংখ্যা | পরীক্ষার্থীর সংখ্যা | পাশ | শতকরা পাশের হার |
|---|---|---|---|---|---|
| ০১ | বিডিএস | ৪৬৫ | ৩১১ | ২৫৬ | ৮১.৬৮% |
| ০২ | এমএস | ৫০ | ১৫ | ১০ | ৬৬.৬৬% |

**(ঙ) শুদ্ধাচার ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:** ২০ ডিসেম্বর ২০২১ তারিখে নৈতিকতা কমিটি গঠন করা হলেও পরিদর্শনের তারিখ পর্যন্ত কোনো সভা অনুষ্ঠিত হয়নি। অধিদপ্তর বা বিভাগের সাথে কোনো বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদিত হয়নি।

**(চ) লাইব্রেরী:** লাইব্রেরীতে শিক্ষার্থী অনুপাতে আসন সংখ্যা নিতান্তই অপ্রতুল। তিনটি মাত্র টেবিলে মুখোমুখি চেয়ার দেয়া হয়েছে। লাইব্রেরীর অভ্যন্তরে দেয়াল নির্মাণ করে "মুজিব কর্ণার" স্থাপন করায় স্থানের সংকট তৈরী হয়েছে। লাইব্রেরীতে ক্যাটালগ না থাকায় প্রকৃত বইয়ের সংখ্যা জানা যায়নি। এছাড়াও সকল বই স্টীলের আলমারিতে তালাবদ্ধ অবস্থায় রয়েছে মর্মে দেখা যায়। আলমারির সামনে বইয়ের তালিকা প্রদর্শন করা নেই। অধ্যক্ষ জানান যে, লাইব্রেরীয়ান না থাকায় অন্য একজন কর্মচারী দিয়ে লাইব্রেরী দুপুর ০২ টা পর্যন্ত খোলা রাখা হয়।

**(ছ) শিক্ষকদের উপস্থিতি:** পরিদর্শনের দিন হতে পূর্বের ০৫ (পাঁচ) কর্মদিবসের শিক্ষকদের বায়োমেট্রিক উপস্থিতির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় গড়ে ২০% হতে ২৬% পর্যন্ত শিক্ষক অনুপস্থিত থাকেন। এছাড়াও অধিকাংশ শিক্ষক বিলম্বে অফিসে উপস্থিত হন মর্মে দেখা যায়।

**(জ) শিক্ষার্থীদের আবাসন ও পরিবহন ব্যবস্থা:** শিক্ষার্থীদের আবাসন ও পরিবহন ব্যবস্থার সংকট রয়েছে। ডেন্টাল কলেজটি মিরপুরে অবস্থিত হলেও ছাত্র হলটি রয়েছে সোবহানবাগে। ছাত্র পরিবহনের জন্য একটি বাস থাকলেও তা অত্যন্ত পুরাতন হওয়ায় চলাচলের অনুপযোগী প্রায়। অধ্যক্ষ জানান যে, ০৫টি নতুন ভবন নির্মান এবং বিদ্যমান ০৭টি ভবন সম্প্রসারণের উদ্যোগ গ্রহন করা হয়েছে।

**(ঝ) নির্মাণ ও মেরামত কার্যক্রম:** একটি ল্যাব সংস্কার, গাড়ি পার্কিং এর স্থান মেরামত এবং মসজিদের সংস্কার কাজ পরিদর্শন করা হয়। গণপূর্ত বিভাগ ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নকৃত ও বাস্তবায়নাধীন এসব সংস্কার কাজের বাজেট ও প্রাক্কলনের বিষয়ে কলেজ কর্তৃপক্ষ যথাযথভাবে অবহিত নন এবং কাজ তদারকিপূর্বক বুঝে নেয়া হয়নি মর্মে দেখা যায়। ২১-২২ অর্থ বছর শেষ হলেও উক্ত অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ দ্বারা মেরামতের কাজ আগস্ট মাসেও চলমান রয়েছে। এ বিষয়ে মেরামত সংশ্লিষ্ট বাস্তবায়নকারী দপ্তরকে কারণ দর্শানোর জন্য উন্নয়ন অনুবিভাগ-কে অনুরোধ করা যায়। এছাড়াও প্রাক্কলন অনুযায়ী মেরামত কার্যক্রম সম্পাদন করা হয়েছে বিষয়টি খতিয়ে দেখার জন্য অনুবিভাগ-কে অনুরোধ করা যায়। নতুন অডিটরিয়াম ভবন নির্মান কার্যক্রম চলমান দেখা যায়।

**(ঞ) শিক্ষার্থীদের মতামত:** বেসিক বিষয়সহ মেডিসিন ও সার্জারি বিষয়ে শিক্ষক স্বল্পতা রয়েছে। ছাত্রী সংখ্যা বেশী হওয়ায় ছাত্রীদের জন্য নতুন হল নির্মাণ করা প্রয়োজন। একটিমাত্র অডিটরিয়ামে কোনো অনুষ্ঠান থাকলে ক্লাশ বন্ধ থাকে। লেকচার গ্যালারী নেই এবং ৪র্থ ও ৫ম বর্ষের শিক্ষার্থীদের জন্য কোনো শ্রেণীকক্ষ নেই। ক্লিনিক্যাল টিচিং এর জন্য পর্যাপ্ত ইন্সট্রুমেন্ট নেই। দুপুর ০২ টার পর লাইব্রেরী বন্ধ থাকায় পড়ালেখায় ব্যঘাত ঘটে। ডেন্টাল হাসপাতালে মেডিসিন ও সার্জারির ইনডোর রোগী না থাকায় evening learning এর কোনো সুযোগ নেই। জেনারেটর না থাকায় লোডশেডিং এর সময় ক্লিনিক্যাল ক্লাশ বন্ধ থাকে। ডেন্টাল হাসপাতালে ইমারজেন্সী সার্ভিস না থাকায় কোনো শিক্ষার্থী অসুস্থ হলে পার্শ্ববর্তী বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতালে যেতে হয়।

**(৩) মতামত ও সুপারিশ:**

(ক) শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখার জন্য নৈতিকতা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।

(খ) জনবল পর্যালোচনায় দেখা যায় বেসিক বিষয়সহ মেডিসিন ও সার্জারি বিষয়ে শিক্ষক স্বল্পতা রয়েছে। এছাড়াও ১০-২০ গ্রেডভূক্ত ৩৭টি পদ শূন্য দেখা যায়। বেসিক বিষয়সহ মেডিসিন ও সার্জারি বিষয়ে জনবল পদায়ন করতে হবে। ১০-২০ গ্রেডভূক্ত শূন্য পদসমূহের মধ্যে পদোন্নতিযোগ্য পদে পদোন্নতি প্রদান এবং শূন্যপদে নিয়োগের জন্য জরুরী ভিত্তিতে ছাড়পত্র গ্রহনের উদ্যোগ নিতে হবে।

(গ) শিক্ষকদের নির্ধারিত সময়ে কলেজে উপস্থিতি এবং যথাসময়ে অফিস ত্যাগের বিষয়টি কঠোরভাবে তদারকিপূর্বক নিশ্চিত করতে হবে। অননুমোদিতভাবে অনুপস্থিত শিক্ষকদের বিষয়ে সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা ২০১৯ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) লাইব্রেরীতে জরুরী ভিত্তিতে আসন সংখ্যা বৃদ্ধি করতে হবে। লাইব্রেরীয়ান নিয়োগ না হওয়া পর্যন্ত অন্যান্য কর্মচারীর মাধ্যমে অন্তত রাত দশটা পর্যন্ত লাইব্রেরী শিক্ষার্থীদের জন্য খোলা রাখতে হবে। "মুজিব কর্ণার" দেয়ালের মধ্যে আবদ্ধ না রেখে উন্মুক্ত করে শিক্ষার্থীদের জন্য আসন পুনর্বিন্যাস করতে হবে। স্টীলের আলমারিতে বই তালাবদ্ধ রাখার পরিবর্তে দৃশ্যমান কাঁচের শেলফে বই ক্যাটালগ প্রস্তুত করে রাখতে হবে যাতে শিক্ষার্থীরা প্রয়োজনীয় বই সহজেই খুঁজে নিতে পারে।

(ঙ) শিক্ষার্থীদের আবাসন ও পরিবহন ব্যবস্থার সংকট নিরসনে দ্রুত কার্যক্রম গ্রহন করতে হবে। ২০২০ সালের প্রারম্ভে ০৫টি নতুন ভবন নির্মান এবং বিদ্যমান ০৭টি ভবন সম্প্রসারণের উদ্যোগ গ্রহন করা হলেও অদ্যবধি প্রাক্কলন প্রস্তুত করা হয়নি যা খুবই হতাশাজনক। কলেজ কর্তৃপক্ষ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর সাথে সমন্বয় করে জরুরি ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুতের কাজ সম্পন্ন করবে। নতুন অডিটরিয়াম ভবন নির্মান কার্যক্রম বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের সাথে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দ্রুত সম্পন্ন করার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।

(চ) গণপূর্ত বিভাগ ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সকল নির্মাণ ও সংস্কার কাজের বাজেট ও প্রাক্কলনের বিষয়ে কলেজ কর্তৃপক্ষ যথাযথভাবে তদারকি নিশ্চিত করবে।

(ছ) বিভিন্ন বর্ষের শিক্ষার্থীদের ক্লিনিক্যাল ক্লাশ যেন কোন ভাবেই বন্ধ না থাকে সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে। ডেন্টাল শিক্ষার গুণগত মানোন্নয়নের জন্য সান্ধ্যকালীন শিক্ষার ব্যবস্থা আবশ্যিকভাবে চালু রাখতে হবে।

স্বাক্ষরিত/
(মোঃ শাহ আলম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ও
সভাপতি, পরিদর্শন কমিটি

কার্যবিবরণী নং: ৫৯.০০.০০০০.১০৯.১৬.০৪৯.২২.৭৬৫

তারিখ: ০৩ আশ্বিন ১৪২৯
১৮ সেপ্টেম্বর ২০২২

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য

০১. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০২. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৩. যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. পরিচালক, মানব সম্পদ ব্যবস্থাপনা/ডেন্টাল, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৫. অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা
০৬. উপসচিব (চিকিৎসা শিক্ষা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. সহকারী পরিচালক (সরকারি মেডিকেল কলেজ), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১০. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

2/10/22
(মল্লিকা খাতুন)
উপসচিব